# বিসিএস বাংলা ভাষা ও সাহিত্য

তানহি খান তানহা

# বাংলা ভাষা ও সাহিত্য

## পূর্ণমান: ২০

### ভাষা

শব্দ, ধ্বনি, বর্ণ, পদ, বাক্য, প্রত্যয়, সন্ধি ও সমাস

প্রয়োগ-অপপ্রয়োগ, বানান ও বাক্যশুদ্ধি

পরিভাষা, সমার্থক ও বিপরীতার্থক শব্দ

### সাহিত্য

প্রাচীনযুগ

মধ্যযুগ

আধুনিকযুগ (১৮০০ - বর্তমান পর্যন্ত)

# P2A  Preliminary Question Analysis

| বিসিএস বাংলা ভাষা | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | টপিকের নাম | ৪৫তম | ৪৪তম | ৪৩তম | ৪২তম | ৪১তম | ৪০তম | ৩৮তম | ৩৭তম | ৩৬তম | ৩৫তম |
| ০১ | প্রয়োগ-অপপ্রয়োগ | ১ | ১ | | | | | ১ | ১ | - | - |
| ০২ | বানান ও বাক্য শুদ্ধি | ২ | ১ | ১ | ৩ | ২ | ১ | ২ | ৩ | - | ৩ |
| ০৩ | পরিভাষা | ১ | ১ | ১ | ১ | | ১ | ১ | ২ | ১ | ১ |
| ০৪ | সমার্থক শব্দ | ১ | ১ | | | | ২ | ১ | ১ | ১ | ২ |
| ০৫ | বিপরীতার্থক শব্দ | ১ | | | ২ | | ১ | ১ | - | ১ | ১ |
| ০৬ | ধ্বনি | ১ | ১ | ৩ | ১ | ২ | | ১ | ২ | ২ | ২ |
| ০৭ | বর্ণ | ২ | | | | ১ | | ১ | - | ২ | - |
| ০৮ | শব্দ | ২ | ২ | ১ | ১ | ১ | ২ | ২ | ২ | ১ | ১ |
| ০৯ | পদ | ১ | | | | | | - | - | ২ | ১ |
| ১০ | বাক্য | ১ | ১ | ২ | ১ | ৩ | | ১ | - | ১ | ১ |
| ১১ | প্রত্যয় | | | ১ | ১ | ১ | ২ | ২ | - | ১ | ১ |
| ১২ | সন্ধি | | ১ | | | | | ১ | - | ১ | ১ |
| ১৩ | সমাস | | ১ | ১ | ১ | ১ | | ১ | ২ | ১ | ১ |

# শব্দের শ্রেণিবিভাগ

তানহি খান তানহা



# বিভিন্ন বিসিএসে আসা প্রশ্ন বিশ্লেষণ

১-বাংলা ভাষার শব্দ ভাণ্ডারে অনার্য জাতির ব্যবহৃত শব্দ?- ৪৬ বিসিএস

২- কোনটি যোগরূঢ় শব্দ?- ৪৬ বিসিএস

P2A

# বিভিন্ন বিসিএসে আসা প্রশ্ন বিশ্লেষণ

১- নিচের কোনটি যৌগিক শব্দ? **(৪৫তম বিসিএস)**

২- 'কলম' শব্দটি 'কলমোস' থেকে এসেছে। 'কলমোস' কোন ভাষার শব্দ? **(৪৫তম বিসিএস)**

৩- নিচের কোনটি তৎসম শব্দ? -৪৪ বিসিএস

৪- 'হরতাল' কোন ভাষা থেকে আগত শব্দ? -৪৪ বিসিএস

৫- 'আসমান' কোন ভাষা থেকে আগত শব্দ? -৪৩ বিসিএস

৬- বাবা কোন ভাষা থেকে আগত শব্দ? -৪২ বিসিএস

৭- গির্জা কোন ভাষা থেকে আগত শব্দ? -৪০ বিসিএস

৮- জোছনা কোন শ্রেণির শব্দ? -৪০ বিসিএস

P2A

# বিভিন্ন বিসিএসে আসা প্রশ্ন বিশ্লেষণ

১-‘হেড মৌলবি’ কোন কোন ভাষার শব্দ যোগে গঠিত হয়েছে?- ৩৬ বিসিএস

২- কোনটি মৌলিক শব্দ?- ৩৭ বিসিএস

৩- গিন্নি কোন ভাষার শব্দ?- ৩৮ বিসিএস

৪- বাবা কোন ভাষার শব্দ?- ৩৮ বিসিএস

# বিভিন্ন বিসিএসে আসা প্রশ্ন বিশ্লেষণ

১-বাংলা ভাষার শব্দ ভাণ্ডারে অনার্য জাতির ব্যবহৃত শব্দ?- ৪৬ বিসিএস

২- কোনটি যোগরূঢ় শব্দ?- ৪৬ বিসিএস

# শব্দ গঠনের প্রধান/মৌলিক উপায়

উপসর্গযোগে

প্রত্যয়যোগে

সমাসযোগে

শব্দদ্বিত্বের সাহায্যে

# শব্দ ও পদের গঠন

এক বা একাধিক ধ্বনি দিয়ে তৈরি শব্দের মূল অংশকে শব্দমূল বলে। শব্দমূলের এক নাম প্রকৃতি। প্রকৃতি দুই ধরনের: নামপ্রকৃতি ও ক্রিয়াপ্রকৃতি। ক্রিয়াপ্রকৃতির অন্য নাম ধাতু। নামপ্রকৃতি ও ধাতুর সঙ্গে কিছু শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয়। নামপ্রকৃতির উদাহরণ: মা, গাছ, শির, লতা ইত্যাদি। ধাতুর উদাহরণ: কর্, যা, চল্, ধৃ ইত্যাদি।

নামপ্রকৃতি ও ধাতুর সঙ্গে যেসব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয়, সেগুলোর নাম উপসর্গ ও প্রত্যয়:

**উপসর্গ:** যেসব শব্দাংশ শব্দমূলের পূর্বে বসে নতুন শব্দ গঠন করে, সেগুলোকে উপসর্গ বলে। 'পরিচালক' শব্দের 'পরি' অংশ একটি উপসর্গ।

**প্রত্যয়:** যেসব শব্দাংশ শব্দমূলের পরে বসে নতুন শব্দ গঠন করে, সেগুলোকে প্রত্যয় বলে। 'সাংবাদিক' শব্দের 'ইক' অংশ একটি প্রত্যয়।

উপসর্গ ও প্রত্যয় দিয়ে তৈরি শব্দকে সাধিত শব্দ বলা হয়। উপসর্গ ও প্রত্যয় ছাড়া শব্দ গঠনের আরো কিছু প্রক্রিয়া রয়েছে। এর মধ্যে প্রধান প্রক্রিয়া হলো সমাস, যার মাধ্যমে একাধিক শব্দ এক শব্দে পরিণত হয়। যেমন 'হাট' ও 'বাজার' শব্দ দুটি সমাসবদ্ধ হয়ে হয় 'হাটবাজার'। এছাড়া কোনো শব্দের দ্বৈত ব্যবহারে নতুন শব্দ গঠিত হলে তাকে বলে শব্দদ্বিত্ব, যেমন 'ঠক' ও 'ঠক' মিলে গঠিত হয় 'ঠকঠক', একইভাবে 'অঙ্ক' ও অনুরূপ ধ্বনি 'টঙ্ক' মিলে হয় 'অঙ্কটঙ্ক'।

# শব্দ গঠনের প্রক্রিয়া

**উপসর্গযোগে** (আ+হার = আহার)

**প্রত্যয়যোগে** (ঢাকা+আই = ঢাকাই)

**সমাসযোগে** (নীল যে আকাশ = নীলাকাশ)

**দ্বিরুক্তি শব্দযোগে** (জ্বরজ্বর)

**সন্ধিযোগে** (শুভ+ইচ্ছা = শুভেচ্ছা)

**পদ পরিবর্তনের মাধ্যমে** (সুন্দর থেকে সৌন্দর্য)

P2A

- বচন কেবল সংখ্যার ধারণা দেয়। নতুন কোনো অর্থবোধক শব্দ সৃষ্টি করে না। তাই বচন শব্দ গঠনের কোনো প্রক্রিয়া নয়। একইভাবে কারক, লিঙ্গ পরিবর্তন শব্দ গঠন প্রক্রিয়া নয়

# বাংলা শব্দ ভান্ডার

গঠন অনুসারে - **২ ভাগে**

অর্থানুসারে - **৩ ভাগে**

উৎপত্তি অনুসারে - **৫ ভাগে**

## গদু অতি উপরে

# বাংলা শব্দ ভান্ডারকে বিভিন্ন বিবেচনায় ভাগ করা যায় (নতুন বই)

উৎস বিবেচনা – ৪ শ্রেণিতে

গঠন বিবেচনা - ২ শ্রেণিতে

পদ বিবেচনা - ৮ প্রকার


# শব্দের গঠনমূলক শ্রেণিবিভাগ

মৌলিক

সাধিত

# মৌলিক শব্দ

যে সব শব্দকে ভাঙলে আর কোন অর্থসঙ্গতিপূর্ণ শব্দ পাওয়া যায় না, তাকে মৌলিক শব্দ বলে।





# মৌলিক শব্দ

গাছ

# মৌলিক শব্দ

চাঁদ, গাছ, পাখি, ফুল, হাত, গোলাপ



**মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ**

# সাধিত শব্দ

যে সব শব্দকে বিশ্লেষণ করলে অর্থসঙ্গতিপূর্ণ ভিন্ন একটি শব্দ পাওয়া যায়, তাদেরকে সাধিত শব্দ বলে। মূলত, মৌলিক শব্দ থেকেই বিভিন্ন ব্যাকরণসিদ্ধ প্রক্রিয়ায় সাধিত শব্দ গঠিত হয়।

মৌলিক শব্দ সমাসবদ্ধ হয়ে কিংবা প্রত্যয় বা উপসর্গ যুক্ত হয়ে সাধিত শব্দ গঠিত হয়।

# সাধিত শব্দ

হাতল, নীলাকাশ, চাঁদমুখ, বিহার

পরিচালক, গরমিল, সম্পাদকীয়, ইত্যাদি।

**শব্দের দ্বিত্ব** করেও সাধিত শব্দ হয়ে থাকে।

যেমন: ফিসফিস, ধুমাধুম।

# অর্থমূলক শ্রেণিবিভাগ

- যৌগিক শব্দ
- রূঢ় বা রূঢ়ি শব্দ
- যোগরূঢ় শব্দ

# অর্থমূলক শ্রেণিবিভাগ

**ব্যুৎপত্তিগত অর্থ:** কোন শব্দ যে শব্দ বা শব্দমূল হতে গঠিত হয়েছে তার অর্থ দিয়ে শব্দটির যে অর্থ ধারণ করার কথা, তাকে শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বলে। অর্থাৎ, উৎপত্তিগত ভাবে শব্দটির যে অর্থ দাঁড়ায়, তাকেই ব্যুৎপত্তিগত অর্থ বলে।

**ব্যাবহারিক অর্থ:** কোন শব্দ প্রকৃতঅর্থে যে অর্থে ব্যবহৃত হয়, বা যে অর্থ প্রকাশ করে, তাকে সেই শব্দের ব্যবহারিক অর্থ বলে।

# ব্যুৎপত্তিগত অর্থ / ব্যবহারিক অর্থ



গোলাপি-

গবেষণা-

হস্তী-



# যৌগিক শব্দ

যে সব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ব্যাবহারিক অর্থ **একই** তাদের যৌগিক শব্দ বলে।



# যৌগিক শব্দ

| শব্দ | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যবহারিক অর্থ |
|---|---|---|
| গায়ক | √গৈ + ণক (অক) | গান করে যে |
| বাবুয়ানা | বাবু + আনা | বাবুর ভাব |
| দৌহিত্র | দুহিতা + ষ্ণ | কন্যার পুত্র, নাতি |
| মধুর | মধু + র | মধুর মতো মিষ্টি |
| মিতালি | মিতা + আলি | বন্ধুর মতো ভাব |
| দাতা | √দা + তৃচ্ | যিনি দান করেন |
| অণ্ডজ | অণ্ড + √জন্ + অ | ডিম হতে যে জীবের উৎপত্তি, ডিম্বজাত |

# যৌগিক শব্দ

| শব্দ | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যাবহারিক অর্থ |
|---|---|---|
| কর্তব্য | √কৃ + তব্য | যা করা উচিত |
| চিকামারা | চিকা + মারা | দেয়ালের লিখন |
| পক্ষী | পক্ষ + ইন | যার পক্ষ আছে |
| গমন | √গম + অন | যাওয়া বা যাওয়ার ভাব |
| পিতৃহীন | পিতৃ + হীন | যার পিতা নেই |
| গোলাপি | গোলাপ + ই | গোলাপের মত হালকা রং |
| পাগলামি | পাগল + আমি | পাগলের মত ভাব |

# প্রশ্নোত্তর

নিচের কোনটি মৌলিক শব্দ?

ক) বই

খ) গোলাপ

গ) কলম

ঘ) মিতালি

# মনে রাখার সহজ টেকনিক

মধুর গায়ক কর্তব্য না করে বাবুয়ানা ভাব করে

রাঁধুনি দৌহিত্রকে নিয়ে চিকামারাতে গিয়ে দেখল পিতৃহীন

চালক, পাঠক মিতালীর সঙ্গে পাগলামি করছে।



## ৪৫ বিসিএস

নিচের কোনটি যৌগিক শব্দ?

ক) প্রবীণ

খ) সরোজ

গ) জেঠামি

ঘ) মিতালি

P2A

# রূঢ় বা রূঢ়ি শব্দ

**প্রত্যয় বা উপসর্গ** যোগে গঠিত যে সব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যাবহারিক অর্থ আলাদা হয়, তাদেরকে রূঢ় বা রূঢ়ি শব্দ বলে।

# রূঢ় বা রূঢ়ি শব্দ

বুৎপত্তিগত অর্থ:

পাঞ্জাবের অধিবাসী





# রূঢ় বা রূঢ়ি শব্দ

ব্যাবহারিক অর্থ: পাঞ্জাবি

# স্নাতক

বুৎপত্তিগত অর্থ: স্নানকারী

ব্যাবহারিক অর্থ: ব্যাচেলর ডিগ্রিপ্রাপ্ত ব্যক্তি



| মূল শব্দ | শব্দ গঠন | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যবহারিক/ মূল অর্থ |
|---|---|---|---|
| লাবণ্য | লবণ + য | লবণের মতো | সৌন্দর্য |
| গবেষণা | গো+এষণা | গরু খোঁজা | ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা |
| বাঁশি | বাঁশ+ইন | বাঁশ দিয়ে তৈরি | বাঁশের তৈরি বিশেষ বাদ্যযন্ত্র |

| মূল শব্দ | শব্দ গঠন | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যবহারিক/ মূল অর্থ |
|---|---|---|---|
| তৈল | তিল+ষ্ণ | তিল থেকে তৈরি স্নেহ পদার্থ | উদ্ভিদ থেকে তৈরি যে কোন স্নেহ পদার্থ |
| প্রবীণ | প্র+বীণা | প্রকৃষ্টরূপে বীণা বাজায় যিনি | অভিজ্ঞ বয়স্ক ব্যক্তি |
| হরিণ | হৃ + ইন | হৃদয় হরণকারী | পশু বিশেষ |

# রূঢ় বা রূঢ়ি শব্দ

| শব্দ | বিশ্লেষণ রূপ | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যাবহারিক অর্থ |
|---|---|---|---|
| প্রবীণ | প্র + বীণ | প্রকৃষ্ট বীণা বাজাতে পারেন এমন | বয়স্ক ব্যক্তি, বৃদ্ধ, প্রাচীন ব্যক্তি |
| হস্তী | হস্ত + ইন্ | হস্ত আছে যার | পশুবিশেষ |
| গবেষণা | গো + এষণা | গোরু খোঁজা | ব্যাপক পর্যালোচনা |
| সন্দেশ | সম্ + দেশ | সংবাদ, খবরাখবর | মিষ্টান্ন বিশেষ |
| বাঁশি | বাঁশ + ই | বাঁশ দিয়ে তৈরি যে কোনো বস্তু | এক ধরনের বাদ্যযন্ত্র |
| হরিণ | √হৃ + ইন | হৃদয় হরণকারী | পশুবিশেষ |
| উপসর্গ | উপ + সর্গ | আগের বা পূর্বের অধ্যায় | রোগের লক্ষণ |
| তৈল | তিল + ষ্ণ | তেলের তৈরি যে কোনো পদার্থ | উদ্ভিজ্জ স্নেহ পদার্থ |
| গবাক্ষ | গো + অক্ষ | গোরুর চোখ | জানালা |
| স্নাতক | স্নাত + ক | স্নানকারী | ব্যাচেলর ডিগ্রিপ্রাপ্ত |
| পাঞ্জাবি | পাঞ্জাব + ই | পাঞ্জাবের অধিবাসী | পোশাক বিশেষ |
| জ্যাঠামি | জ্যাঠা + আমি | জ্যাঠার (চাচা) মতো কাজ | চাপল্য, চঞ্চল, অস্থির |
| লাবণ্য | লবণ + য | লবণের মতো | সৌন্দর্য, সুন্দর |
| কুশল | কুশ + অল | কুশ(খড়) আনে যে | মঙ্গল বা কল্যাণ |

# রূঢ়ি শব্দ মনে রাখার সহজ টেকনিক

প্রবীণ
জ্যাঠামি
তৈল
সন্দেশ
পাঞ্জাবি
গবেষণা
স্নাতক
লাবণ্য

উপসর্গ
বাঁশি
কুশল
হরিণ
গবাক্ষ
পলাশ
হস্তী



# যোগরূঢ় শব্দ

**সমাস নিষ্পন্ন** যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদ সমূহের অনুগামী না হয়ে কোন বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদেরকে যোগরূঢ় শব্দ বলে।

# জলধি

জল ধারণ করে যা





# রাজপুত

সমাসবাক্য: রাজার পুত্র



একটি জাতি বিশেষ, ভারতের একটি জাতি

# যোগরূঢ় শব্দ

| মূল শব্দ | সমাসবাক্য/স্বাভাবিক অর্থ | ব্যাবহারিক অর্থ |
| --- | --- | --- |
| পঙ্কজ | পঙ্কে জন্মে যা | পদ্মফুল |
| রাজপুত | রাজার পুত্র | একটি জাতি বিশেষ, ভারতের একটি জাতি |
| মহাযাত্রা | মহাসমারোহে যাত্রা | মৃত্যু |
| জলধি | জল ধারণ করে যা/ এমন | সাগর |

# যোগরূঢ় শব্দ

| মূল শব্দ | সমাসবাক্য/স্বাভাবিক অর্থ | ব্যাবহারিক অর্থ |
|---|---|---|
| অচল | যা নড়াচড়া করে না | পর্বত |
| জলধর | জলকে ধরে রাখে যে | মেঘ |
| সরোজ | সরোবরে জন্মে যা | পদ্মফুল |

# আরো কিছু যোগরূঢ় শব্দ

| | | | | |
|---|---|---|---|---|
| জলদ | জলধি | রাজপুত | মহাযাত্রা | পঙ্কজ |
| বলদ | সরোজ | উদ্ভিদ | বেতার | সুহৃদ |
| অচল | আদিত্য | অসুখ | জলধর | তুরঙ্গম |

# যোগরূঢ় শব্দ

| শব্দ | বিশেষ অর্থ | স্বাভাবিক অর্থ |
|---|---|---|
| জলদ | মেঘ | জল দেয় যা |
| উদ্ভিদ | বৃক্ষ | মাটি ভেদ করে উঠে যা |
| জলধি | সমুদ্র | জল ধারণ করে এমন কলসি |
| রাজপুত | জাতি বিশেষ | রাজার পুত্র |
| মহাযাত্রা | মৃত্যু | মহা সমারোহে যাত্রা |
| পঙ্কজ | পদ্মফুল | পঙ্কে জন্মে যা |
| বলদ | গোরু | বল দেয় যা (মেশিন |
| সরোজ | পদ্মফুল | সরোবরে জন্মে যা |
| অচল | পর্বত | যা নড়াচড়া করে না (জড় পদার্থ) |
| আদিত্য | সূর্য | অদিতির পুত্র বা সব দেবতা |
| অসুখ | রোগ | নেই সুখ যার |
| জলধর | মেঘ | জল ধারণ করে এমন কলসি |
| তুরঙ্গম | ঘোড়া | যে বেগে গমন করে |
| বেতার | বাদ্যযন্ত্র | নেই তার যার (রেডিও) |
| সুহৃদ | বন্ধু | সুন্দর হৃদয় যার |

# প্রশ্নোত্তর

নিচের কোনটি মৌলিক শব্দ?

ক) প্রবীণ

খ) গোলাপ

গ) শীতল

ঘ) মিতালি

# প্রশ্নোত্তর

নিচের কোনটি সাধিত শব্দ?

ক) প্রবীণ

খ) সরোজ

গ) জেঠামি

ঘ) মিতালি

P2A

# প্রশ্নোত্তর

নিচের কোনটি যোগরুঢ় শব্দ?

ক) জলধর

খ) সরোজ

গ) রাজপুত

ঘ) মিতালি